আজকের কাগজ

তারিখ 08 SEP 1992

পৃষ্ঠা ৬ কলাম ৪

151

# সিলেটে ছাত্রদলের সঙ্গে সংঘর্ষে জাসদ ছাত্রলীগের ৫ নেতা-কর্মী আহত

জাসদ (ইনু) সমর্থিত ছাত্রলীগ ও জাতীয়তাবাদী ছাত্রদলের মধ্যকার সংঘর্ষে আহত ছাত্রদল কর্মী বাচ্চু গতকাল সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে মারা যাওয়ার সঙ্গে সঙ্গে সিলেট শহরের বিভিন্ন স্থানে ব্যাপক সংঘর্ষে জাসদ ছাত্রলীগের শহর শাখার সভাপতি সামসুজ্জামান (সামস) গুলিবিদ্ধসহ অপর ৫ জন ছাত্র লীগ কর্মী আহত হয়। সামসকে গুরুতর অবস্থায় ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। শহরে জিন্দাবাজার, চৌহাট্টা, আম্বরখানাসহ বিভিন্নস্থানে ব্যাপক ককটেল ও গুলির শব্দ শোনা যায়। এ সমস্ত হামলার জন্যে জাসদ (ছাত্র লীগ)-এর পক্ষ থেকে ছাত্রদলকে দায়ী করা হয়েছে। অন্যদিকে ছাত্রদল বাচ্চু হত্যার প্রতিবাদে শহরে ১টি বিক্ষোভ মিছিল বের করে। মিছিল শেষে স্থানীয় কোর্ট পয়েন্টে জেলা-ছাত্রদল সভাপতি বদরুজ্জামান সেলিমের সভাপতিত্বে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। প্রতিবাদ সভায় বাচ্চু হত্যার জন্যে জাসদ (ছাত্রলীগ)কে দায়ী করে অবিলম্বে হত্যাকারীদেরকে গ্রেফতারের জন্যে দাবি জানানো হয়। সিলেট শহরে উত্তেজনা বিরাজ করছে। সিলেট থেকে শামীমা আহমেদ সিদ্দিকী।